**হারিয়ে যাচ্ছে পুরনো দিন**

---- **বিপ্লব** ----

পাড়ার মোড়ের ছোট্ট সেই দোকান,
যেখানে চায়ের কাপে জমতো আড্ডা,
কাকু হাসিমুখে বলতো—
"কি রে, আজ এত দেরি?"
আমরা হাসতাম, গল্প করতাম,
জীবন তখন একটু ধীর ছিল, একটু সুন্দর।
গলির মাথায় মনোহর দাদার মিষ্টির দোকান,
যেখানে সকাল মানেই গরম সিঙ্গারা,
বিকেল মানেই জলখাবারের আয়োজন।
সেই দোকান আজ আর নেই,
সেই মানুষগুলোও নেই,
আছে শুধু স্মৃতির পুরনো গন্ধ!
আজ মানুষ ব্যস্ত, মানুষ হিসেবি,
এক কাপ চায়ের সময়ও যেন লুকিয়ে
রেখেছে ক্যালেন্ডারের পাতায়!
গল্প জমে না, আড্ডা বসে না,
পাশ দিয়ে হেঁটে যায় চেনা মুখ,
তবু কেউ আর হাত বাড়িয়ে বলে না,
"কেমন আছিস রে?"
মোবাইলের আলোয় মুখ গুঁজে,

@ BIPLAB MITRA

ডিজিটাল দুনিয়ায় আটকে গেছে সম্পর্কগুলো,

হাতের মুঠোয় আছে পৃথিবী,

তবু মুঠোয় নেই একটুকরো ভালোবাসা!

শহরের কোলাহলে,

আজ আর কেউ দাঁড়ায় না পথের ধারে,

আর কেউ বলে না,

"এই যা, পুরনো বন্ধুর মতো দেখা হলো!"

কে জানে, হয়তো একদিন—

এই ব্যস্ততার মাঝেই কেউ খুঁজবে সেই পুরনো দিন,

এক কাপ চায়ের উষ্ণতা,

একটুকরো স্নেহ, একফোঁটা মমতা!

=============================================================

@BIPLAB MITRA